

**‘আপনি তো এক ব্লাডি
হেল লেকচারার’**
বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও
সাংবাদিকতা বিভাগের শিক্ষক নাদির
ছুনাইনকে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুককে
ব্লাডি হেল : পৃষ্ঠা : ২ কলাম : ৫

হয়েছে।
ব্লাডি হেল : লেকচারার
ব্যক্তিগত সহকারী গোলাম ইয়াহিয়া অকথ্য
ভাষায় গালগাল করেছেন বলে অভিযোগ
উঠেছে। গতকাল ড. নাদির লিখিতভাবে
সাংবাদিকদের কাছে এই অভিযোগের কথা
জানান।
গত ১৪ মার্চ টেলিফোনে গোলাম ইয়াহিয়া
ড. নাদিরের কাছে তার পিতা ঢাকা
বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ
ছুনাইনের মোবাইল নম্বর চান। তিনি নম্বর
জানেন না বললে গোলাম ইয়াহিয়া তাকে
‘ব্লাডি হেল’ বলে গালি দেয়া ছাড়াও
অরও অপমানজনক কথা শোনান। এ
সময় তিনি হুমকি দিয়ে বলেন, ‘ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ডিসি-প্রোভিসিরা আমাদের
কাছে কিছু না, আর আপনি তো এক ব্লাডি
হেল লেকচারার।’ পিএস গোলাম ইয়াহিয়া
অভিযোগ অস্বীকার করে বলেন, আমি
আমার কলিগের ছেলেকে ভাঙিভা সোধেধন
করেছি। পরে ‘সরি’ বলেছি।